



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তত্ত্ব ও সম্প্রচার মন্ত্রণালয়
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. গৌরী রোড, ঢাকা-১২১৬
ই মেইল: bctibd2013@gmail.com
ওয়েবসাইট: www.bcti.gov.bd



বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জার্নাল-এর জন্য

পুনরায় লেখা আহ্বান



বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জার্নাল-এর ১৪ তম সংখ্যার চলচ্চিত্র ও টেলিভিশন সংশ্লিষ্ট গবেষণা ধর্মী এবং বিশ্লেষণাত্মক লেখা, চলচ্চিত্র সমালোচনা, নিউ-মিডিয়ার গতিপ্রকৃতি ও ব্যাপ্তি, বিশ্ব চলচ্চিত্রের তুলনামূলক আলোচনা, অনুবাদ ও সাক্ষাৎকার, প্রযুক্তি ও প্রয়োগ ইত্যাদি বিষয়ে আগ্রহী গবেষক ও লেখকদের নিকট থেকে পুনরায় বাংলা ও ইংরেজি ভাষায় লেখা আহ্বান করা হচ্ছে।

জার্নালে লেখা পাঠানোর নিয়মাবলী

❖ প্রদত্ত গবেষণা প্রবন্ধের পরিধি ৫০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকার বাধ্যনীয়। লেখার বিষয়বস্তুর সাথে ছবি সংযোজিত হতে পারে। এক্ষেত্রে ছবির তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে। ছবিসমূহ শিরোনামসহ আলাদাভাবে JPEG ফরমেটে প্রেরণ করতে হবে।

❖ জার্নালটি Peer Reviewed Journal-এর নিয়মাবলী যথাযথভাবে মেনে সম্পাদনা করা হবে এবং এক্ষেত্রে প্রদত্ত লেখা ও ছবি সংযোজন, বিয়োজন ও পরিমার্জনসহ সম্পাদনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

লেখা পাঠানোর শেষ তারিখ ১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ। হাতে লেখা কোন প্রবন্ধ গ্রহণযোগ্য নয়। রচনার শেষে গ্রন্থপঞ্জি ও তথ্যসূত্র যথাযথভাবে (APA ফরমেট-এ) সন্নিবেশিত থাকতে হবে এবং বিসিটিআই-এর ওয়েবসাইটের গবেষণা ও প্রকাশনা অংশে আপলোডকৃত লেখকের জন্য জ্ঞাতব্য নীতিমালা অনুসরণপূর্বক লিখিত হতে হবে।

লেখা অবশ্যই গবেষণাধর্মী, মৌলিক ও অপ্রকাশিত হবে। গবেষক/লেখক-কে লেখা মৌলিকত্বের অঙ্গীকারনামা সাথে যুক্ত করতে হবে। একই লেখা অন্য কোথাও প্রকাশিত হলে কিংবা প্রবন্ধ/গবেষণাটিতে 'প্ল্যাগারিজম' প্রমাণিত হলে লেখাটি বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে এই লেখক/গবেষক বিসিটিআই-এর যেকোন প্রকাশনা বা জার্নালে লেখার আযোগ্য বলে বিবেচিত হবেন।

বাংলা একাডেমির বার্তানবীতি অনুসরণপূর্বক লেখার হার্ডকপি সরাসরি বিসিটিআই-এর ঠিকানায় এবং সফটকপি ❖ বাংলা: NiKosh এবং ইংরেজি Times New Roman ফন্টে ই-মেইলযোগে (bcti.journal@gmail.com) এবং হার্ডকপি সরাসরি বিসিটিআই-এর ঠিকানায় পাঠাতে অনুরোধ করা হচ্ছে। নির্বাচিত লেখার জন্য লেখকগণকে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে। লেখা নির্বাচনের ক্ষেত্রে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে পরিগণিত হবে।

❖ লেখার শেষে অবশ্যই লেখকের পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে।

উল্লেখ্য, ইতোমধ্যে যারা লেখা জমা দিয়েছেন তাদের
পুনরায় লেখা পাঠানোর প্রয়োজন নেই।



আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন
প্রধান নির্বাহী
ফোন: ০২-৫৫০৭৯৩৪০